



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি বরিশাল কলেজ, বরিশাল।

ফোন ও ফ্যাক্স : অফিস : ০৪৩১-৬৪৪০৯ মোবাইল : ০১৩০৯-১০০৮৬৭

ওয়েব এড্রেস : [www.gbc.gov.bd](http://www.gbc.gov.bd), E-mail: [principal\\_gbc@yahoo.com](mailto:principal_gbc@yahoo.com)



স্মারক নং-সবক/২০২১/

তারিখ:

বিজ্ঞপ্তি  
১৫/১১/২০২১ খ্রি.

কলেজ কোড : ১১০৯

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ডিগ্রী(পাস) নিয়মিত কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমা সংক্রান্ত বিজ্ঞপ্তি :-

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ডিগ্রী(পাস) নিয়মিত বিএ, বিএসএস, বিবিএস ও বিএসসি কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ফরম গ্রহণ সংক্রান্ত সময় সূচি ও নিয়মাবলী;

১. স্নাতক(পাস) নিয়মিত কোর্সে ভর্তির জন্য আবেদনের যোগ্যতা :

যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৬/২০১৭/২০১৮ সালের মাধ্যমিক ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৮/২০১৯/২০২০ সালে উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা ডিগ্রী (পাস) নিয়মিত কোর্সে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে পারবে। প্রাথমিক আবেদনের জন্য প্রার্থী ভর্তি বিষয়ক নির্ধারিত ওয়েব সাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এ গিয়ে আবেদন করতে হবে।

২. ভর্তির প্রাথমিক আবেদন ফরমের সাথে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের ট্রান্সক্রিপ্ট এর ফটোকপিসহ ১৫/১১/২০২১ থেকে ৩০/১১/২০২১ তারিখ পর্যন্ত জমা দিতে হবে (সরকারি ছুটির দিন বাদে)।


৩. আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিয়ে ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজ অফিসে জমা দিতে হবে।

৪. অনার্স ১মবর্ষ পরীক্ষা চলাকালীন দুপুর ১:০০ টা থেকে বেলা ২:০০ টা এবং অন্যান্য দিনসমূহে সকাল ১০:০০ টা থেকে বেলা ২:০০ টা পর্যন্ত আবেদন ফরম জমা দিতে হবে।

৫. ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে আবেদন ফরমের টাকা জমা দেয়ার নিয়ম :

ছাত্র-ছাত্রী আবেদন ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID: 3320 এবং Bill Number এর ঘরে আবেদন ফরমের রোল নম্বর লিখে টাকা জমা দিতে হবে। কোনক্রমেই Bill Number এর ঘরে শিক্ষার্থীর আবেদন ফরমের রোল নম্বর লিখতে ভুল করা যাবে না। শিক্ষার্থী আবেদন ফি জমা দেয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে। ফি জমা দেয়ার পর পূরণকৃত আবেদন ফরম অফিসে জমা দিতে হবে।

বি: দ্র: আবেদন ফরমের উপরে টাকা পরিশোধের Transaction ID এবং ছাত্র-ছাত্রীর সচল মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

  
(প্রফেসর মোঃ আব্বাস উদ্দিন খান)  
অধ্যক্ষ  
সরকারি বরিশাল কলেজ, বরিশাল।